

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০১.১১.০০১.১৯-

তারিখঃ ১৬/০৬/২০২০ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ স্টাফ নার্স/সিনিয়র স্টাফ নার্স ও নার্সিং সংশ্লিষ্টদের ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব পালন।

সূত্রঃ (ক) ডিজিএনএম/শা-৩/৪টি-১৪/২০০৬/৩০২৭; তারিখঃ১১/০৬/২০১৭ খ্রিঃ
(খ) ডিএনএস/শা-১/(ক)/৯৯/৬৪৬৩, তারিখঃ১৫/০২/১৯৯৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে সুত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে সারা দেশের সকল ধরনের সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহে কর্মরত স্টাফ নার্স/সিনিয়র স্টাফ নার্স/নার্সিং সুপারভাইজার ও অন্যান্য নার্সিং কর্মকর্তাদের প্রতি ০২ (দুই) বছর অন্তর ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব পরিবর্তন করে যারা ইতিপূর্বে দায়িত্ব পালন করেননি তাঁদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা, দক্ষতা ও অভিজ্ঞতা অর্জনের নিমিত্ত দায়িত্ব অর্পণ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন হাসপাতালে এ নিয়ম সঠিকভাবে প্রতিপালিত হচ্ছেনা। এমনকি কোন কোন নার্স দুই এর অধিক বছর ধরে ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব পালন করছেন যা আদৌ কাম্য নয়। এ অবস্থার পরিবর্তন পূর্বক নার্সিং সেক্টরে গতিশীলতা আনয়ন ও নার্সদের মধ্যে প্রাতিষ্ঠানিক দক্ষতা, যোগ্যতা, কর্মক্ষমতা ও অভিজ্ঞতা অর্জনের জন্য ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ/প্রজ্ঞাপন সংশোধনপূর্বক নিম্নরূপ নির্দেশনা জারী করা হলোঃ

- (ক) ওয়ার্ড ইনচার্জের মেয়াদ ০২(দুই) বছর পূর্ণ হলে আবশ্যিকভাবে তাকে এ দায়িত্ব হতে অব্যাহতি দিতে হবে।
- (খ) এক ওয়ার্ডের দায়িত্ব পরিবর্তন করে অন্য ওয়ার্ডের দায়িত্ব দেয়া যাবে না।
- (গ) ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব প্রদানকালে সিনিয়রিটি প্রাধান্য দিতে হবে এবং সিনিয়র নার্স থাকা কালে কোন জুনিয়র নার্সকে দায়িত্ব দেয়া যাবে না।
- (ঘ) কর্মরত সকল নার্স পর্যায়ক্রমে ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব পালন না করা পর্যন্ত ইতোপূর্বে দায়িত্ব পালন করা কোন নার্সকে পুনঃদায়িত্ব দেয়া যাবে না।
- (ঙ) চরম শারীরিক অসুস্থতা, শারীরিকভাবে হীটা চলায় অক্ষম, স্মৃতিশক্তি লোপ এবং বিভিন্ন জটিল ব্যাধিতে আক্রান্ত যার ফলে তাঁর পক্ষে ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব সুচারুরূপে পালন করা সম্ভব নহে মর্মে স্থানীয় কর্তৃপক্ষের নিকট বিবেচিত হলে তাকে ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব দেয়া যাবে না।
- (চ) কারো বিরুদ্ধে ফৌজদারী বা বিভাগীয় মামলা চলমান থাকলে তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাকে ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব দেয়া যাবে না।
- (ছ) একই হাসপাতালে ০২ (দুই) মেয়াদের বেশী ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব দেয়া যাবে না।
- (জ) কোন ওয়ার্ড ইনচার্জের মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হবার ০২ (দুই) সপ্তাহ পূর্বে লিখিতভাবে স্থানীয় হাসপাতাল কর্তৃপক্ষ/নার্সিং সুপার ভাইজার/নার্সিং সুপারিনটেনডেন্ট এর নিকট দায়িত্ব হস্তান্তর/পরিবর্তনের জন্য আবেদন করবেন। হাসপাতাল কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির পর দায়িত্ব পরিবর্তন না করলে তিনি ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব হতে আপনা-আপনিই অব্যাহতিপ্রাপ্ত বলে গণ্য হবে।
- (ঝ) প্রতি বছর শেষে নতুন দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড ইনচার্জের তালিকা ডিজিএনএম এ প্রেরণ করতে হবে।

২। বর্ণিত শর্তসমূহের যথাযথ প্রতিপালন করে দেশের সকল সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহে ওয়ার্ড ইনচার্জের দায়িত্ব বন্টন করতে হবে। কোন স্টাফ নার্স/সিনিয়র স্টাফ নার্স দায়িত্ব হস্তান্তরে অনীহা প্রকাশ করলে বা ০২ (দুই) বছর মেয়াদের বেশী দায়িত্বে থাকলে তিনি শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত হবেন যা “অসদাচরণ” হিসাবে গণ্য করে বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা সেবা তত্ত্বাবধায়ক..... (সকল হাসপাতাল)

নং-৪৫.০৩.০০০০.০০১.১১.০০১.১৯-

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্ম প্রেরণ করা হলেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [দৃঃআঃ অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)]
- (২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [[দৃঃআঃ অতিরিক্ত সচিব (চিঃশিঃ)]
- (৩) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল (সকল)
- (৪) সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং)/উপপরিচালক/ সহকারী পরিচালক (সকল)
- (৫) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা/জেলা পাবলিক হেলথ নার্স (সকল)
- (৬) উপ-পরিচালক (পিএমআইএস), পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা।
- (৭) জনাব

স্বাঃ

সিদ্ধিকা আক্তার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ০২-৯১৩৬৭৬২

ই-মেইলঃinfo@dgnm.gov.bd

তারিখঃ ১৬/০৬/২০২০খ্রিষ্টাব্দ।

মোহাম্মদ আরদুল হাই, পিএম
পরিচালক
(প্রশাসন, শিক্ষা ও প্রশিক্ষণ)